

ব্রাহ্মণবাড়িয়ায় ১১৫৫ পিস ইয়াবাসহ ০১ জন আটক



০৬ আগস্ট ২০১৭ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সার্কেল পরিদর্শক দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান এর নেতৃত্বে জেলার পশ্চিম মধ্যপাড়া এলাকায় অভিযান চালিয়ে ১১৫৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ মাদক ব্যবসায়ী আরিফকে (৩৬) আটক করা হয়। তিনি মধ্যপাড়া ধোপাহাটি মহল্লার মৃত মজিবুর রহমানের ছেলে।

পরে তার দেয়া তথ্য মতে, মধ্যপাড়া ধোপাহাটিতে আরিফের বাড়িতে অভিযান চালিয়ে আরও ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেট

উদ্ধার করা হয়। এসময় মাদক বিক্রির ৩ লাখ ১ হাজার টাকা ও আরিফের মোটরসাইকেলটিও জব্দ করা হয়। এ ঘটনায় সদর মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।